

**গাড়ির ধাক্কায়
বুয়েট ছাত্রী আহত
বিক্ষুব্ধ শিক্ষার্থীদের
সড়ক অবরোধ
ভাঙচুর**

নিজস্ব বার্তা পরিবেশক

রাজধানীর পলাশী মোড়ে বাসের ধাক্কায় এক বুয়েট ছাত্রী আহত হয়েছেন। গতকাল নূরুল মোহাম্মদ ৯টিয় এ ঘটনা ঘটে। আহত ছাত্রীর নাম আনিতা ভাসনিম (২২)। তিনি বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের আর্কিটেকচার বিভাগের তৃতীয় বর্ষের ছাত্রী। গতকাল সকালে পলাশী মোড়ে রাস্তা পারাপারের সময় পিছন থেকে আসা একটি মাইক্রোবাসের ধাক্কায় আনিতা আহত হন। আনিতা মেরুদণ্ড, কোমর এবং পায়ে হাড় আঘাত পেয়েছেন বলে জানান তার বাবা জু হামিদ। এদিকে এ ঘটনার স্বর ক্যাম্পাসে ছড়িয়ে পড়লে শিক্ষার্থীরা বিক্ষোভ করতে করতে বুয়েটের গেইটে অবস্থান নেয়। ক্রুদ্ধ শিক্ষার্থীরা ঘটনাস্থলে গিয়ে মাইক্রোবাসটি ভাঙচুর করেন। **বিক্ষুব্ধ : পৃষ্ঠা : ১৫ ক : ৩**

বিক্ষুব্ধ : শিক্ষার্থীদের
(১ম পৃষ্ঠার পর)

ভারা রাস্তার মোড়ে কাঠের ট্রল ফেন্স এতে আঙন পরিচয়ে দেন ও সড়ক অবরোধ করে রাখেন। তারা টায়ার ছাটসিয়ে বিক্ষোভ করতে থাকেন। সেখানে একটি 'গোল চত্বর' নির্মাণের দাবি জানাতে থাকে। এতে পাঁচ রাস্তার ওই মোড় দিয়ে যান চলাচল বন্ধ হয়ে যায়।

পরে বেলা ১১টার দিকে বুয়েটের উপাচার্য অধ্যাপক এসএম নজরুল ইসলাম ঘটনাস্থলে উপস্থিত হয়ে দাবি পূরণের আশ্বাস দিয়ে শিক্ষার্থীদের শান্ত হওয়ার আহ্বান জানান। তিনি বলেন, এখানে অস্থায়ীভাবে একটি গোল চত্বর বানিয়ে দেয়া হবে এবং পরবর্তীতে স্থায়ী চত্বর স্থাপনের জন্য পদক্ষেপ নেয়া হবে। এছাড়া বুয়েটের আশপাশের রাস্তা থেকে অবৈধ দোকান উঠিয়ে সড়ক প্রশস্ত করারও আশ্বাস দেন তিনি।

এরপর শিক্ষার্থীরাই ইট, বাগু ও সিমেন্ট দিয়ে পলাশী মোড়ে একটি অস্থায়ী 'গোল চত্বর' নির্মাণ করেন। শাহবাগ ও মালবাগ ধানার ওসি জানান, যে কোন ধরনের অপ্রীতিকর পরিস্থিতি মোকাবিলায় বুয়েট, পলাশী ও আজিমপুরে বিপুল সংখ্যক পুলিশ মোতায়েন করা হয়েছে। বর্তমানে পরিস্থিতি নিয়ন্ত্রণে আছে।